

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৮৪

১/ বিবিধ

আরবী

كان يستحب أن يصلي بعد نصف النهار حين ترتفع الشمس أربع ركعات، فقالت عائشة: يا رسول الله أراك تستحب الصلاة في هذه الساعة؟ قال: يفتح فيه أبواب السماء، وينظر الله تبارك وتعالى إلى خلقه، وهي صلاة كان يحافظ عليها آدم ونوح وإبراهيم وموسى وعيسى عليهم السلام
ضعيف جدا

رواه الخطيب في " التلخيص " (88 / 1 - 2) عن عتبة بن السكن الحمصي: حدثنا الأوزاعي: حدثنا صالح بن جبير: حدثني أبو أسماء الرحبي: حدثني ثوبان مرفوعا وقال: " تفرد به عتبة بن السكن عن الأوزاعي ". قلت وقد عرفت من الحديث السابق أن ابن السكن هذا متهم بالوضع. والحديث قال الهيثمي في " المجمع " (2 / 219) : " رواه البزار، وفيه عتبة بن السكن، قال الدارقطني: متروك، وقد ذكره ابن حبان في " الثقات " وقال: يخطيء ويخالف ". قلت: ولذلك أشار المنذري في " الترغيب " (1 / 203) إلى ضعفه قلت: وليس عند البزار قوله " حين ترتفع الشمس "، وهو يدفع دلالة الحديث على ما ترجم له المنذري وهو: " الترغيب في الصلاة قبل الظهر وبعدها " فتأمل

বাংলা

৯৮৪। তিনি অর্ধ দিবসের পরে সূর্য উপরে উঠে যাওয়ার সময় চার রাকাত সালাত আদায় করা মুস্তাহাব মনে

করতেন। আয়েশা (রাঃ) বললেনঃ হে আল্লাহর রাসূল, আমি আপনাকে দেখছি এ সময়ে আপনি সালাত আদায় করাকে ভালবাসেন। তিনি বললেনঃ সে সময়ে আসমানের দরযাগুলো খুলে দেয়া হয় আর আল্লাহ তা'আলা তাঁর সৃষ্টির দিকে দৃষ্টি দেন। সেটি এমন একটি সালাত যা আদম, নুহ, ইবরাহীম, মূসা ও ঈসা (আঃ) সর্বদা আদায় করতেন।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি আল-খাতীব "আত-তালখীস" (৮৮/১-২) গ্রন্থে উতবাহ ইবনুস সাকান হিমসী হতে তিনি আওয়াঈ হতে তিনি সালেহ ইবনু জুবায়ের হতে তিনি আবু আসমা আর-রাহাবী হতে তিনি ছওবান হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর তিনি বলেছেনঃ উতবাহ আওয়াঈ হতে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ পূর্বের হাদীছ হতে জেনেছেন যে, ইবনুস সাকান জাল করার দোষে দোষী। হায়ছামী "আল-মাজমা" (২/২১৯) গ্রন্থে বলেনঃ হাদীছটি বাযযার বর্ণনা করেছেন। তাতে উতবাহ ইবনুস সাকান রয়েছে। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। ইবনু হিব্বান তাকে "আছ-ছিকাত" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি ভুল করতেন এবং বিরোধিতা করে বর্ণনা করতেন।

আমি (আলবানী) বলছিঃ এ কারণেই মুনযেরী "আত-তারগীব" (১/২০৩) গ্রন্থে দুর্বল হওয়ার দিকেই ইঙ্গিত করেছেন। আমি (আলবানী) বলছিঃ বাযযারের নিকট *حين ترتفع الشمس* অংশটুকু নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71863>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন